মন-পাষ্ভ।

क र्राष्ट्र

পারতিক বিষয়ে মন্তব্যের অনাস্থা এবং ঐহিক আনমাদ প্রমোদে ভাহার ঐকান্তিক অন্ত-র কৃতা বিষয়ে জীবের সহিত মনের কথোপকথন ছলে এই গ্রস্তা।

🕮 नेगानहन्त्र नाम ७४ कर्ड्क

প্রকীতা

প্রথম বার মুদ্রিভা

কলিকাতা ৷

৫৮।৫ অপরু সর্কিউলার্ রোড্ গিরিশ-বিদ্যারত্ব য**ত্ত**।

ভূমিকা।

এই গ্রন্থ জীব ও মনের প্রশ্নোত্তর ছলে প্রণয়ন করা হইল। ইহা তিন পরিছেদে বিভক্ত। প্রথম পরিছেদে মনের জীবনচরিত এবং পারিবারিক রভান্ত। দ্বিতীয় পরিছেদে মনের কৃত্রিম অভিমান এবং কপট বৈরাগ্য। তৃতীয় পরিছেদে জীব কর্তৃক মনের তত্ত্বোপ-দেশ ও মন পুনরায় মোহগ্রন্ত এবং জীবের অন্তর্ধান।

আমি সংস্কৃত শাস্ত্রে অনভিক্ত, এনিমিত ইহাতে শক্ষাথের ও তাবার্থের বছল দোষ সন্তাবনা আছে। তরসা করি উদারচেতা মহাত্মগণ সেই দোষ পরিহার করিয়া লইবেন। কোন ধর্ম্মের প্রতিবাদ করিব, এই উদ্দেশে এই গ্রন্থ প্রণয়ন করা হয় নাই।—গবাক্ষরদ্ধের নানাপ্রকার্য্য নিবন্ধনা, একই উদিভ স্পর্যার প্রতিবিশ্ব যেমন নানাত্ম রূপে দৃষ্ট হইয়া থাকে তক্রপ নানা তাবনাপন গবাক্ষরদ্ধ-সদৃষ্ট মাদৃশ ব্যক্তির মনের বক্রতা, নান্তিকতা, চঞ্চলতা, লম্প্টতা ও পাষওতা প্রদান করানই মদীয় মুথ্যোদ্দেশ্য। এ জন্যই ইহার আথ্যা [মন-পাষ্ড] রাথা গেল। মৎসদৃশ মন্ত্র্যাগণের নিকট এই গ্রন্থ হতাদ্র হইলেও আমি ভক্ষনা পরিতাপ করিব না, কিন্তু সদাশ্য বিজ্ঞগণ কথন কথন সময় কর্ত্তনন্ধনে বিরব।

পরিশেষে কৃডজ্ঞতার সহিত প্রকাশ করিতেছি যে,

শ্রীযুক্ত গিরিশচন্দ্র বিদারিত্ব মহাশয় বিস্তর ক্লেশ
স্বীকার পূর্বাক এই গ্রন্থ মুদ্রান্ধন কালে সংশোধন
কবিয়া দিয়াছেন।

बीकेमानहस्य मात्र छछ।

মন-পাষ্ড।

প্রথম পরিচ্ছেদ।

একদা অতীব ভর্মোদ্যম চিত্তে মন রক্ষভূমি পরিভ্রমণানন্তর মৌনাবলম্বন পূর্ব্বক উপবেশন করিয়া রহিয়াছেন, এমত সময় প্রতিবিশ্বিতারা জীব ভাঁহাকে জিজ্ঞাসা করিলেন,—

- জীব। মহাশার! আপনি কি জন্য সন্তপ্ত চিত্তে বসিয়া রহিয়াছেন ? আপনাকে শোক-সঙ্কুচিত দেখিয়া আমিও সন্তপ্ত হই-তেছি। আপনার একপ শোচনীয় ভাব উদয় হওয়ার কারণ কি ? প্রাবণ করিতে বাসনা হইতেছে।
- মন। (দীর্থ নিশ্বাস) সে অতি বিস্তারিত কথা। আপনার সহিত আমার পরিচর নাই; স্বতরাং অপরিচিতের নিকট গৃহচ্ছিত্র প্রকাশ করিতে লজ্জা ও শঙ্কা উভয়ই এক কালে উপস্থিত হইতেছে।

জীব। না না, আপনি লজ্জা ও শক্ষা পরি-হার করুন, আমি ও আপনি একা-ধারবর্তী অতএব আমার ও আপনার অতি ঘনিষ্ঠ সম্পর্ক। কেবল ভ্রমাপ-বাদ-বশতঃ আমাদের উভয়ের পরিচয়-স্থান্তের বিচ্ছিন্ন ভাব দৃষ্ট হইতেছে।

মন। (সভয় চিত্ত্ত) মহাশয়! আপনি কে? আপনার পরিবার কে কে? কত দিন হইতে এস্থানে অবস্থিতি করিতেছেন?

জীব। (সহাস্যে) আমি জীব। আমার পরি-বার নাস্তি। অনাদি-প্রেরিত স্থকে ক্ষণ কাল এস্থলে অবস্থিতি করিতেছি।

মন। (দীর্ঘহাস্যে) হা-হা-হা! আমি ত ইহা জানি না। ভাল, ভাল, এখন শক্ষা দূর হইল। আপনার নিকট গৃহচ্ছিদ্র প্রকাশ করিতে ভয় নাই। আপনি সৎ, অতএব আপনার নিকট মনস্তাপ প্রকাশ করিলে বরং লাঘবেরই ভরসা করি। আপনি অবগত আছেন, পর-মাআরি সহযোগে প্রকৃতি হইতে আমার জন্ম। কিন্তু পিতা নিঞ্ ণ, স্বতরাং শিশুকালাবিধি প্রস্থৃতি কর্ত্তক প্রতি-পালিত হইতে লাগিলাম। জননী, আমি একমাত্র পুত্র বলিয়া, স্বীয় প্রাণাপেক্ষায় আমাকে অধিক ভাল বাসিতেন। কৈশোরেই আমি পাণি-পীড়ন স্থত্তে আবদ্ধ হইয়া হুইটি দার পরিগ্রহ করিলাম। প্রথমা পত্নী প্রবৃত্তি, দ্বিতীয়া নিবৃত্তি। প্রথম পরিণয়-সূত্র নিবন্ধন, প্রথমার সহিত আমার অধিক প্রণায় ছিল। এবং তিনিও,প্রতি-নিয়ত আমাকে প্রণয়ালিঙ্গন করিতেন। দ্বিতীয়াটী আমার তাদৃশ স্বেহ-ভাজন ছিলেন না এবং প্রথমা-পত্নী কর্ত্তক সপত্নী-হিংসা হেতু অশ্রদ্ধেয় থাকাতে, "নলিনী যেমন নীহারক্লত উপদ্রবে শোক-চিহু ধারণ করে" তিনিও তদ্ধপ থাকিতেন। কিন্তু তিনি স্থির-প্রকৃতি ও পতিপরায়ণা এবং সুশীলা ছিলেন। আদ্যা রমণী হইতে মহামোহাদি ও

দিতীয়া রমণী হইতে বিবেকাদি, অপত্য সমূহ জন্ম প্রহণ করিল। "তোয়ে অনুপ্রবিষ্ট তোয় ন্যায়" মহামোহাদির সহিত আমার স্নেহবারি অবিরত মিলিত হইতে লাগিল। আমি উহাদিগের প্রদন্ত নবরঞ্জিত অনুরাগে অনুরাগী হইতে লাগিলাম। আদ্যা রমণী, বহুপুত্রপ্র-সবিত্রী হইলেও, নবীনত্ব ও হাব ভাব লাবণ্যে স্থালিত হয়েন নাই। স্ত্রী এই-রূপ ছিরবোবনা, পুত্রগণ দক্ষ, স্বতরাং আমার স্বথের পরিসীমা ছিল না।

এই আখ্যায়িকার শেষ না হইতে হইতেই, জীব উপধ্যুপরি কয়েকটী প্রশ্ন করিতে আরম্ভ করিলেন।

জীব। ভাল, আগেনি কিরপে, পারিবারিক আরুকুল্য সুধ সডোগ করিতেন?

মন। জ্ঞানেন্দ্রির পঞ্চ ও কর্ম্মেন্দ্রির পঞ্চ,
ইহাদিগের সহিত সজ্ঞোগ করিতাম,
কিন্তু আমি সকলেরই নিয়ামক ছিলাম।
জীবা তাহাদিগের নাম কি ?।

মন। ১—কর্ণ ২—ত্তক্ত ৩—চক্ষুঃ ৪—রসনা ৫—নাসিকা ইহারা জ্ঞানেন্দ্রি। ১—বাক্ ২—পাণি ৩—পাদ ৪—পায়ু ৫—উপস্ ইহারা কর্মেন্দ্রি।

জীব। ইহাদিগের গুণ কি?

মন। শব্দ-স্পূর্শ-রপ-রস-গন্ধ-এই পঞ্চ;
তার্থাৎ-শ্রাবণেন্দ্রির শ্রাবণ; তার্গিক্রিয়ের স্পূর্শন; দর্শনেন্দ্রির দর্শন;
রসনেন্দ্রিরের রসাস্থাদন; ঘুাণেন্দ্রির
তাংঘুণি-ক্রমাস্থার সকল ইন্দ্রিরেই এক
একটি এই বিশেষ গুণ আছে।

জীব। ভাল, ঐক্তপ স্বখোদয়ে আপনার কি-ক্রপ বোধ হইত ?

ন্ন হয়।

জীব। তিরোহিতে কিরূপ?

মন। বিমর্ধ।

জীব : মহাশয় ! এখন আপনি, কোন্ অবস্থায় অবস্থিতি করিতেছেন ?

(একেবারে, চক্ষু স্থির—উত্তর নাই।)

জীব। নামহাশয়; আপেনি, শক্কা করিবেন না; অক্ষুকচিতে বলুন। (উত্তর নাই)

(পুনঃ পুনঃ প্রশ্ন)

(পুনঃ পুনঃ দীর্ঘ নিশ্বাস; উত্তর নাই)

জীব দেখিলেন যে মনের প্লানি উপস্থিত। প্লানিতে বুদ্ধি-ভ্রংশ হয়, স্কুতরাং ঐ প্রকার বিষয় ঘটিত আলাপ হইবেক না; এজন্য পুন-রায় আশ্বাসবাক্যে অন্যপ্রকার প্রশ্ন করিলেন।

- জীব। মহাশায়! আপেনার জীবন-চরিত এবং পারিবারিক রভান্ত বিশেষরূপে শ্রেবণ করিতে নিতান্ত ইচ্ছা; বিস্তারিত রূপে বর্ণন করুন।
- মন। ভাল কথা; আপনি কঠিন প্রশ্ন করিবেন না; যাহা কহিতেছিলাম তাহাই প্রবণ করুন। আমি যথন প্রার্ভির পাণি-পী-ডন করিলাম, তথন আমার শোচনীয় অবস্থা ছিল। পলাল-নির্দ্ধিত কুটীরে প্রার্ভির অঙ্কশায়ী হইয়া, একদা বিবে-

চনা করিলাম যে, এতাদৃশ যৌবনবতী মনোমোহিনী রমণীর সহিত ঈদৃশ পর্ণ-কুটীরে বাস করা অতীব বিভয়না। বিশেষতঃ ইহার গর্ভে সন্তানাদি হইলে এই কদগ্য ও সংকীর্ণ স্থানে কি রূপেই বা সহবাদ করিব ৷ ইহা চিন্তা করিতে করিতে একটি মনোরম আয়ত আলয়ের আয়োজন করিলাম। কিয়দ্দিবস মধ্যে তাহা সঙ্কলিত হইল: কিন্তু প্রবৃতির মনস্কামনা সিদ্ধ হইলনা। সাধারণতঃ স্ত্রী জাতির নিত্য নূতন ইচ্ছা, সুতরাং একটী আলয় সম্পূর্ণ না হইতে হইতেই আবার দ্বিতীয়টীর আবিকার করা আব-শ্যক হইল। দ্বিতীয়টীর আয়োজন হইলে, আবার তৃতীয়টীর সংকণ্পা করিলাম। ফলতঃ যখন নি:স্ব ছিলাম, তথন শত সংখ্যাই প্রচুর বোধ হইত। অনন্তর, শত হইলে সহজ, সহজ হইলে দশসহস্ত্র, এরপ অবিরাম সংকণ্প এবং অবিশ্রাম আয়োজন, উভয়ই মুগপৎ চলিতে লাগিল। উত্রোত্তর আমি অদ্বিতীয় শিপ্পী হইরা উঠিলাম। এমন কি, জগজ্জাত সমস্ত রত্নেই হস্ত প্রসারণ ও তুষ্পাপ্য স্থান পৰ্য্যন্ত কম্পিত-ক্ষেত্ৰে রচনা করিতে আরম্ভ করিলাম; তথাচ প্রবৃত্তির বিশ্রাম বিরহ। ইত্যবসরে প্রবৃত্তির গর্ভসঞার হটল। ক্রমশং কামাদি অপত্যগণের মুখাবলোকন করি-লাম। তাহারা উপযুক্ত সময়ে আমার সংক্রপের সাহায্য করিতে লাগিল। ক্রমে আমিও তাহাদিগের বশ-বর্তী হইয়া, পদ্বিক্ষেপ করিতে লাগিলাম। তন্মধ্যে জ্যেষ্ঠ পুত্র মন্মথই সর্বাপেকা আমার প্রিয় হইয়া উঠিল।

জ্যেষ্ঠা রমণী প্রবৃত্তির বশবর্তী হইয়া,
যদ্রপ ছুষ্পাুপ্য স্থানকে কল্পিত-ক্ষেত্রে
রচনা করিতে ছিলাম, তদ্রুপ জ্যেষ্ঠপুজ্র
মন্মথের বশবর্তী হইয়াও, দিব্যাঙ্গনাদিগকে প্রতিনিয়ত হৃদয়-মন্দিরে প্রতিভাত করিতে লাগিলাম। বলিতে কি,

মন্মথের সাহায্যে আমার অগম্য পথ, অদৃষ্ট স্থান, অনীণিসত ও অরুণাসিত বস্তু মাত ছেলনা; কিন্তু তাহাও একা-বস্থাপর থাকিত না। প্রথমতঃ মুকুলিত, মধ্যে বিকশিত, ও পরিশেষে বিদূরিত বোধ হইত। তথাচ অশার বিরাম নাই; চিত্তের বিরহ নাই; ঘূণা ও লজ্জা একেবারে প্রান্তরে থাকিত। মন্মথের অবুজগণও সকলেই সুচতুর ও দক্ষ। তাহারা দেশ কাল পাত্র বিবেচনায় পরস্পর অঙ্কূল বায়ু সঞ্চালন করিত। সামি যথন যাহার সাহায্য প্রাপ্ত হই-তাম, তথন তাহাতেই সন্তুপ্ত হইতাম। এই আখ্যায়িকা বলিতে বলিতে মনের অঞ্-জল পরিপূর্ণ হইরা আদিল। জীব দেখিলেন যে, মনের পুনরায় গ্লানি উপস্থিত; শোকা-চ্ছন্ন হইতে লাগিলেন। এখনও অনেক কথা বাকি আছে। অতএব প্রবোধ-বাক্য দার্ সাত্না করিয়া পুনর্কার অন্যবিধ জিভ্তাসা আরম্ভ করিলেন।

মন-পাষ্ড।

দ্বিতীয় পরিক্ষেদ।

জীব। আপনার অপরিসীম সুথ সৌভাগ্য বিদ্যমানে শোকাকুল হইতেছেন কেন!

মন। নিগুঢ় কারণ আছে।

জীব। সেকি?

মন। আপনি, এখনি শ্রবণ করিলেন; আমার ছর্দ্ধর্য পরিবার, দোর্দ্ধণ্ড প্রতাপ, ছুরা-রাধ্য সুখনজোগ ছিল। এমন কি, আমার ন্যায় এরপ সর্বাঙ্গীন সুখ-সোভাগ্য খাঁহার আছে, তিনি অনায়ানে এই রহদুক্ষাগুকে গোষ্পাদবৎ দেখিতে শক্ত হয়েন, কিন্তু আমার এই দশা— (ইহা বলিতে বলিতে পুনঃ রোদন।)

জীব। আপনার কি হদশা?

মন। (পুনঃ সহাদ্যে) আবার ত্রন্দশা কি!
আপনি কি কেবল মরণকেই তুদ্দশা
বলিয়া থাকেন?

জীব। না—না; কেবল মরণকেই হর্দ্দশা বলিনা। জীবিতাবস্থায় যে হুদ্দশাগ্রস্ত হয়, আপনার বাহ্যলক্ষণে তাহা যে বড় একটা দেখিনা।

মন। আমার পরিবার মধ্যে যে গৌলযোগ; আপনি বুঝি ইহা প্রবণ করেন নাই!

जीव। ना।

মন। তবে প্রবণ করুন। আমার জীবন-চরিত এবং পারিবারিক সুখ সম্ভোগ একপ্রকার সংক্ষেপে উক্ত হইয়াছে। ইদানীং আমি চতুর্থ অবস্থার প্রথম পাদে প্রায় পদ-ক্ষেপ করিয়াছি। জ্ঞানেন্দ্রিয়রূপ প্রধান পঞ্চ বয়স্যাগণ মধ্যে অত্যন্ত বিশৃত্বলা। অর্থাৎ শ্রবণেন্দ্রিয় বধির, ত্রগিন্দ্রিয় বিলোলিত, দর্শনেন্দ্রি কোটরস্থ, রস-নেক্রির জড়তাপর, মুণেক্রিয় দূষিত হইতে চলিল। "বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ "এই পঞ্চ কর্মেন্দ্রিয় মধ্যে-ও অত্যন্ত বিষদৃশ অবস্থা লক্ষিত হইতে লাগিল। সর্বভুক, হাসিতে হাসিতে ঘনিষ্ঠ হইয়া ভূগ্য নিনাদ পূৰ্ব্বক কেশা-কর্ষণ করিতেছে। আমার অপেক্ষা কত

কত বীরবরকে যে ধরাশায়ী করিতেছে. তাহার পরিদীমা নাই। এতকাল, দূরস্থ বিপদের আশঙ্কায় কত কত স্বস্তায়ন করিয়াছিলাম; কিন্তু ঘনিষ্ঠ ভীষণ বিপ-দকে চক্ষে দেখি নাই। এক্ষণে যতই বিকলেন্দ্রিয় হইতেছি ততই স্বজনদিগের প্লানির আধার হইতেছি। অধিক কি, দস্তহীন কুল্ধুর যদ্রপ জিহ্বা দারা অস্তি-গত মজ্জার রসাস্থাদ পায় না, অধুনা আৰ্থিও তদ্ব ইইয়াছি। অবস্থা-ত্ৰিতয় मा जि-পर्थाता इहेटल, मर्खना दिवशं जाव উদয় হয়। বাল্যকালে যাহ। যাহা করি-য়াছি: কৌমারে স্মরণ করিয়া হাস্য হইত। আবার কৌমারে যাহা যাহা করিয়াছি, যৌবনাবস্থায় সারণ করিয়া भ्रांनि প্রাপ্ত इहेजांग। পুন: योदनाद-স্থায় যাহা যাহা করিলছি, ইনানীং সেই সমস্ত স্মরণ করিয়া পরিতাপ প্রাপ্ত হইতেছি। সেইরপ আবার এখন যাহা যাহা করিতেছি, পরিণামে অনিবর্তনীয় মনস্তাপ পাইতে হইবেক। কোন অবহাতেই নিত্যস্থ লাভ করিতে পারিলাম না। তথাপি এখনও প্রবৃত্তির
জলপানা, এখনও কামাদি পুলগণের
কলপানা রহিয়াছে। ফলতঃ আমি
প্রতিনিয়তই প্রবৃত্তির অসুসরণ করিলাম;
কিন্তু প্রবৃত্তি আমাকে একবারও বিশ্রামস্থথ দিলেন না। আমি প্রতিক্ষণ
পুলুগণের বশে রহিলাম; কিন্তু তাহারা
ক্ষণমাত্রও আমার বশীভূত হইল না,
তথাচ "ক্রোড়ে মনো ধাবতি"।

জীব। মহাশর ! নিত্যানিত্য সংখ কি !

মন যাহা অবিনাশী অৰ্থাৎ ধ্বংস-প্ৰাহ্ভাব

রহিত তাহাই নিত্য, তদিতর সকলি
অনিত্য।

জীব: আপনি যদি ইহা অবগত ছিলেন,
তবে তাদৃশ কণভঙ্গুর দারাপুলাদি
অকিঞ্চিৎকর বিষয়ে মুগ্ধ হইয়া কেন
এত সময় কর্তুন করিলেন ?

মন ৷ (সহাস্যে) আপনিও ভাল; আপনি

বুঝি দেই পাঠ পড়েন নাই ? তাদৃশ
স্থবিদ্ধা-জাযুগারত দীর্ঘ-লোচনা, তাদৃশ
আজানু-লিম্বত-নিবিড়--ঘন-বর্ণ-কুঞ্চিতকেশা, তাদৃশ পীনোন্নত-পয়োদরা,
এবং কমনীয়-কান্তি-সম্পন্না ললনার
অন্ধ-গত হইলে এবং তাদৃশ বিষয়ী
অথচ অভিসার-স্থদ পুভ্রগণের মুখাবলোকন করিলে ইহা কি বোধ হয় যে
এ সকল কণভঙ্গুর ?

জীব। ভাল, সে সময় কি আপনার অবকাশ কিছুই ছিল না?

মন। ছিল বই কি, কিন্তু অপো।

জীব। তথন আপনি ঈশ্রবাদী, কি অনীশ্র বাদী ছিলেন ?

মন। ঈশ্বরাদী ছিলাম।

জীব। ভাঁহার উপাসনা কথন্ করিতেন ?

মন। স্বাবকাশ মতে।

জীব। অবকাশ ত অপ্পই ছিল।

মন। অপে হইলেও নানা সঙ্কেত অভ্যাস ছিল। জীব। সে কেমন?

মন। (সগর্ম্বে) তবে প্রাবণ করুন। পূর্ম্বেই উক্ত হইয়াছে স্থামি প্রবৃদ্ধি-পরায়ণ ছিলাম, স্কুতরাং তাঁহার চিত্ত-বিনোদন-কার্য্যেই সর্ম্বিদা বিত্রত। সঙ্গে সঙ্গের শাকের স্বাটির ন্যায়] ঈশ্বরোপা-স্নাটিও সারিয়া লইতাম।

জীব। বিশ্বস্তু ও তন্নিষ্ঠ চিত্তে কি না ?

হন। আমি আপনার ঐ দকল সংস্কৃত সাধুভাষা বড় একটা বুঝিনা, সোজা সুজি
যাহা জানি তাহাই কহিতেছি, প্রবণ
করুন। ঈশ্বরোপাদনা অবশ্য কর্ত্তব্য,
ইহা আন্তরিক পরিজ্ঞাত ছিল বটে,
কিন্তু পারিবারিক সুধ ও বিষয়-তৃষা বলবতী থাকাতে উপাদনার দময় স্থির
থাকিত না। স্বাবকাশমতে যখন যখন
ঐ কার্য্যে প্রবৃত্ত হইতাম তখন আমি
একপ্রকার ঘটিকাষন্ত্র হইয়া পড়িতাম;
রদনা মিনিটের কাঁটা, কট্কট্ করিয়া
বেগে চলিত; করাক্বলি ঘণীর

কাঁটা, এদিকে পর্ব্ব পূরণ করিত, নয়ন মুদ্রিত, কিন্তু তব্দাগত। স্থামার ত কথাই নাই। একবার প্রবৃত্তির সঙ্গে অমরাবতী; আবার মন্মথের দঙ্গে বিলাদিনীর অন্বেষণ করিতাম। এব-ম্প্রার, ক্রোধের সঙ্গে প্রতিপক্ষেক, লোপের সঙ্গে অপ্রাপ্ত বস্তুকে, মোহের সঙ্গে স্থিকে, প্রাপ্ত হইতে থাকিতাম। বায়ু অংশকায়ও আমি ক্রতগামী, স্তরাং মুহূর্তকে ত্রন্ধাণ্ড ভ্রমণ করিতাম, বিশ্বাস বিষয়ের অঙ্কশায়ী থাকিত। তাহাতে আবার জঠরানল প্রস্থালিত। উপাদেয় ভোজনীয় সামগ্রীসন্তার প্রস্তুত; অমনি গাতোখান। তংপর মাধ্যাত্মিক আহার হইল ; শয়নকুটীরে বিশ্রাম করি-লাম। তদনত্তর, বৈকালিক বিষয়াপু-ষ্ঠানে দিবাবসান হইয়া আসিল, প্রদোষ-কাল উপস্থিত। পুনরায় পূর্বোত্ত-প্রকার প্রদোষকালীয় উপাসনা শেষ করিয়া যামিনীস্থ-সম্ভোগে ইন্দ্রি-

গণের তৃপ্তি সম্পাদন করিতে লাগিলাম। এইপ্রকার দিন যায় রাত্রি হয়, আবার রাত্রি যায় দিন হয়; আমিও সংক্ষার-দিদ্ধ কার্য্য সম্পাদনে রত।

জীব। ভাল, ঐরপ উপাসনার সময় আপ-নার দ্বিতীয়া পত্নী এবং তৎ পুত্রকে কিছুমাত্র কি সারণ হইত না ?

মন। আপনি যে বড় চাতুরী করিতেছেন। ত্যক্ত বস্তু কি ভদ্রলোক পুন্ঞাহণ করিয়া থাকে?

জীব। তারপর?

মন। তদনন্তর আমি একটি সুযোগ প্রাপ্ত হইলাম।

জীব। সে কেমন?

মন। পৃথিবীতে সম্প্রতি নানা প্রকার ধর্মের আবিদ্ধার আরম্ভ হইরাছে। অর্থাৎ প্রাচীনমতে স্থানে স্থানে দেবালয় ও দেবমূর্ত্তি প্রতিষ্ঠা, পুণ্যক্ষেতাদি দর্শন, যাগ যজ্ঞ এবং যম নিয়মাদি ক্রিয়ার দারা চিত্তের দৃঢ়ীকরণ এবং যদৃ- ছার প্রতিষেধ ও ত্রন্ধচর্যাদি প্রতাবলয়ন পূর্বক নিভ্ত প্রদেশে যোগধারণ
ইত্যাদি এক প্রকার। আর, নিষ্ক্রিয়বাদিমতে, স্থানে স্থানে সভামওপ
প্রতিষ্ঠা এবং অঙ্গসোষ্ঠব-সম্পাদনকারী পরিচ্ছদাদি ধারণ পূর্বক ঐক্রকালিক বস্তু সমূহে পরিবেক্টিত হইয়া
সাংযমনিক ক্রিয়া প্রান্তরে রাথিয়া নিরাকার প্রন্ধোপাসনা দ্বিতীয় প্রকার।
ইহা ভিন্ন জাতিভেদে, মতভেদে, আরো
আনক প্রকার ধর্মোপাসনা ছিল; তাহা
এক্ষলে বলা বাহল্য।

মহাশয়! প্রাচীন মত অতীব কঠোর থাকাতে, মৎপক্ষে তাহা হুরারাধ্য বোধ হইতে লাগিল। স্বতরাং কাণ চক্ষের ন্যায় ঐ সকল ক্রিয়া কট্টদায়ক হইলেও অদ্য, কল্য, বা অবকাশমতে করিব আমার এরপ সংকল্প সিদ্ধ রহিল। অদ্য গত, কল্য আগত, আবার কল্য গত, পরশ্বঃ আগত। কাল রাশিচক্রের ন্যায় ঘূর্ণায়- মান ; তথাচ আমার দেই সংকণ্প স্থিরই আছে।

একদা প্রাচীন কোন ধর্মবেতা হইতে
নিম্নলিখিত প্রকার উপদেশ-গর্ভ বাক্য প্রবণ করিয়া স্বমত স্বতাব স্থাত বোধ হইয়া উঠিল।

''পুরাণং ভারতং বেদাঃ শাক্তাণি বিবিধানি চ। পুত্র দারাদি সংসারো যোগাভ্যাস্স্য বিল্পকুং॥

পুরাণ, ভারত, বেদ ও অন্যান্য নানাবিধ শান্ত এবং পুত্র কলতাদি রূপ সংসার এই সমস্তই যোগাভা/সের বিদ্মকারী।

অপর্ঞ

ইদং জ্ঞানমিদং জ্ঞেয়ং ষৎ সর্বং জ্ঞাতুমিছিসি। অপি বর্ষসহস্রায়ুঃ শাস্ত্রাস্তং নাধিগছিসি॥

ইহা জ্ঞান, ইহা জেয়, এই সকলই তুমি জানিতে ইছা করিতেছ, কিন্তু সহস্র বর্ষ প্রমায়ু হইলেও শাস্ত্রের অন্তুপাইবে না।"

"রথ দেখা আর কলা বেচা" আমার ছুই দিকেই ইচ্ছা; স্থুতরাং নিজ্ঞিন বাদিমতে যে ধর্মোপাদনা হইতেছিল

তাহাই সহজ-লভ্য বোধ করিলাম। তমতে শৌচ, লজ্ঞ্মন, যদৃচ্ছার প্রতিষেধ, কিছুই ধর্ত্তব্য নছে। এবং বৈষয়িক ও পারিবারিক সুখ বিলাসও পশ্চাদ্বর্ত্তী করিতে হয় না। সাংযম্মিক ক্রিয়ারও আবশ্যক করে না। অন্ধ-য়াদেই আব্প্রপ্রতায় ও সহজ জ্ঞানের উদয় হয়। আমি অমনি দর্ভাসন বিস-জ্জন পূর্বক অঙ্গদোষ্ঠব-কারী পরিচ্ছদ ধারণ করিলাম। সভামগুপে গমন করিয়া দেখি মৎসদৃশ অনেকেই উপস্থিত; সান-ন্দচিত্তে আন্ধ্র আতৃগণ সহিত সমাসীন হইলাম। ধর্মবাজক গদ্গদ স্বরে আধ্যাত্মিক ধর্মের উপাসনার উপদেশ প্রদান করিতেছেন। সকলেই অবনত ভাবে মুদ্রিতনয়ন: আমিও নয়ন মুদ্রিত করিলাম বটে, কিন্তু পূর্ব্ববং তন্দ্রাগ্রস্ত, বিলাস-বাসনার ত প্রতিষেধই নাই, সুভরাং তাহাও হাদয়স্থ। স্বাধ্যাত্মিক धर्मात उपरमम इकेन वर्षे. किन्छ মৎপক্ষে অদ্ধের দর্পণের ন্যায় হইল।
পূর্ব্বেই উক্ত হইয়াছে আমি প্রবৃত্তি জী
ও কামাদি পুত্রগণের চিরক্রীত ছিলাম;
সুতরাং সুযোগ পাইয়া তাহারদিগের
সহিত দিগুণ মৃত্য করিতে লাগিলাম।
এদিকে সাপ্তাহিক মাদিক, ষাধানিক
সভামন্দিরেও গতিবিধি আছে। বাস্তবিক ঐ ধর্ম একপ্রকার সহজ-লক্ষ বোধ
হইল।

জীব। সাপ্তাহিক, মাসিক ও বাঝাসিক কেন ?
মন। (সহাস্যে) আপনার কি ভ্রমোদয় হইল ?
বিষয়-তৃষা ও বিলাস-স্থা-লালসা যথন
বলবতী রহিয়াছে তথন অবকাশ
পাইলে ত। গৃহিণী কাতরা, পুত্রগণ
পীড়িত, বিষয়ের উপর নানা উৎপাত,
স্বয়ংও ক্লান্তকায়; স্বতরাং ঐ সকল দিক
সম্বরণ না করিয়া কিরপে প্রত্যহ আসি ?

জীব। তার পর ?

মন। তদনন্তর কিছুকাল তথায় গতি বিধি করিয়া [তাঁতিকুল, বৈঞ্বকুল] উভয় কুলই রক্ষা করিতে লাগিলাম।
একদা সে স্থানেও আচার্য্যের নিকট এবস্প্রাকার উপদেশ বাক্য প্রাবণ করিলাম।
" দ্বে পদে বন্ধনোকায় নির্মানেতি মমেতিচ।
মনেতি বধাতে জস্কু নির্মানেতি বিমুচাতে॥

বন্ধন ও মুক্তির জন্য 'মন' আর 'নির্দ্মন' এই ছই পদ আছে। তন্মধ্যে 'মন' পদ দারা জীবগণ বন্ধ হয়, এবং 'নির্দ্মন' পদ দারা মুক্ত হয়।

তাপর্গ্র

মনসোহা আনীভাবাং হৈছতং নৈবোপপদ্যতে।
যদা বাহু আনীভাবং তদা তং প্রমং পদং॥
মনের উআনীভাব পুযুক্ত হৈত উপপ্রই হয় ন।।
বধন উন্নীতাব জন্মে তথন ই সেই প্রম পদ।

অপিচ

হনা;মুইটিভি রাক:শং জুগার্ভঃ কুওয়েজু যং। নাহং একোভি জানাভি ত্যায়ুজিন বিদাতে ॥

যে বাক্তি আকাশে মুট্যাঘাত করে, ক্ষুধার্ত হইয়া তুষ কুগুন করে, এবং 'আমিই ব্রহ্ম' এই জ্ঞান যাহার নাই ভাহার মুক্তি নাই।"

মহাশ্য়। বলিতে কি, ইহা শ্রুবণ করিয়া শরীর রোমাঞ্চিত হইল। ভাবিলাম দেখি দেখি, আমি কোন্টার মধ্যে আছি, আর কোন্টার মধ্যে নাই। দেখি যে, 'মমেতি' এবং মনের 'উন্মনীভাব' ইহা-দিগের দারাই আমি সুন্দর অলংকত। আমার এ শরীর বিষকুম্ভ সদৃশ; কেবল মুখই পয়সারত। আকাশে মুষ্ট্যাঘাত করিয়া কর-ভঙ্গ-জনিত কেবল হুঃখ-ভাজনই হইলাম। যাতায়াত উভয় অব-স্থায় আমার রোদনই **সার হ**ইল। তথন অত্যন্ত থেদ ও ভয় উভয়ই সমুপ-ছিত। আং! আমি নিতান্ত অক্লতী; আমার ন্যায় কুত্যু, পাষ্ড, জগতে আর নাই। কুধার্ত্ত ব্যক্তি যেমন তুষ কুণ্ডন করিয়া তণ্ডুল লাভ করিতে পারে না, আমার পকেও তাহাই হইল। চন্দ্ৰ-ভার-বাহী গদিভের ন্যায়, সদান্ধে অনভিজ্ঞ রহিলাম। দকী যেমন পাক-রুসের আস্বাদ পায় না, আমিও তদ্রুপ হইলাম। কি সাকারা কালী, কি নিরা-কার ব্রহ্ম, ইহার কোন তত্ত্বই ত্রিষ্ঠ ও আস্থাবান্ রহিলাম না। প্রত্যুত রাবণের স্বর্গবর্থ নির্মাণের ন্যায়; সং কার্য্যকে পশ্চাৎ করিয়াই রাধিলাম। কেবল বাগ্বিত্ঞাতেই আমি পট্।

নিতান্ত সন্তাপিত চিত্তে গৃহে প্রত্যা-গমন পূর্বকি যথেচ্ছা ক্ষুৎ পিপাস। শান্তি করিয়া শযাগ পরিগ্রহ করিলাম।

তথন তামি গলিতেব্রির; তর্পরি
তারার চিলা; নিদা নাই। ক্ষণৈক
পরে কিঞ্চিৎ তব্রুকর্ষণ হইল। মলুধ্যের সাধারণতঃ চিত্ত সস্তপ্ত হউলে
নানা প্রকার জম্পানার উদ্রেক হয়।
স্থপ্রোগে বাল্য, কোমার, যোবন, এই
তারস্থা বিতেয় স্মরণ হইতে লাগিল।
তাাস্থলিক, দিতীয়া পত্নী নির্ভিকেও
স্থপাবেশে দর্শন করিলাম। তিনি অভি
দীনা, ক্ষণা, ত্র্থান্ডভাদিত পাবকের ন্যায়; মৃত্ত্ব-ম্ন্ডাবে মৎপার্শ্বস্থ

ছইরা সুমধুর স্ববে নিম্ন লিখিও উপ-দেশটী প্রদান করিলেন।

পুথিবাাং যানি ভূতানি জিস্তোপস্থনিমিত্তকং।
জিস্তোপস্থারিত্যাগে পৃথিবাাং কিং প্রবােজনং॥
পৃথিবীতে যে সকল জীব আছে জিস্তা আর উপস্থই
সমস্তের উদ্দেশ্য। জিস্তা আর উপস্থ পরিত্যাগ
করিলে পৃথিবীতে আর কিছুই প্রোজন নাই।

অমনি নিদ্রাভঙ্গ, কেহ কোথাও নাই।
চিন্ত আরো চিন্তাকুল হইয়া উঠিল।
এ দিকে বিষয়কার্য্যে কিঞ্চিৎ শিথিলযত্ন দেখিয়া প্রথমা পত্নী কর্ক্ষণভাষিণী,
পুত্রগণ বিদ্রোহী হইতে লাগিল। উপায়
দেখিনা। ভাবিলাম, কিছুকাল স্থানান্তর হইলে চিন্তার বিরতি হইতে পারে;
এজন্যই অদ্য এখানে উপস্থিত।

তৃতীয় পরিচ্ছেদ।

্জীব দেখিলেন যে, যদিচ মনের চিন্তা উদয় হুইয়:ছে তথাপি তিনি বিবেক ও বৈরাগ্য বিহীন। যাহা কিছু কহিতেছেন সকলি সংস্কার বা অভ্যাসসিদ্ধ কিন্তু এখনও বিষয়-তৃষায় কণ্ঠ-শোষ হইতেছে। ইহা নিবারণ হইবারও সন্তাবনা নাই, যেহেতু মায়াময় শৃত্বলবদ্ধ রহিয়াছেন। ইহা চিন্তা করিতে করিতে পুনঃ প্রশ্ন করিলেন।)

জাব। ভাল, আপনি যখন এস্থানে আসেন, ঁতখন আপনার পরিবারগণ কি করিতে ছিল ?

মন। সে সময় ভারি একটা তুমুলকা গুউপস্থিত। জীব। সে কেমন ?—

মন। সেই রজনীতে সন্তপ্তচিত্ত প্রযুক্ত নিয়মিত আহারের কিঞ্চিৎ ব্যত্যয় হইয়াছিল। তহুপরি অধিক পরিমাণে নিশা
জাগরণ: সুতরাং বাহান্তরে ছুর্বলতা ও
স্থানতা ঘটিয়াছিল। যখন প্রাতরুত্থান
করিলাম তখন প্রবৃত্তি, সেই দীনতার
কারণ জিজ্ঞান্ত হইলে আমি আকার
ইন্ধিতে বিষয়-বৈরাগ্যের কিঞ্চিৎ অভি
প্রায় জানাইলাম। সেইষৎহাস্য-পূর্বক

গৃহকার্য্যে ব্যাপৃতা রহিল। এদিকে আমি কটিবন্ধন করিলাম। সবে ''জীহরিঃ" বলিয়া কপাটের বাহিরে পদবিক্ষেপ করিয়াছি অমনি প্রবৃত্তি "হা নাথ ৷ হা প্রাণেশ্র ৷ হা প্রাণবলভ ! কোথায় যাও" বলিয়া চিৎকার করিয়া উঠিল। পুত্রগণ মধ্যে এ বৃত্তান্ত বড় এক টা জানা-জানি ছিল না। গৃহিণীর আর্ত্ত-নাদে সকলি ছুটাছুটি করিয়া আসিল। পুরবাদী, প্রতিবাদী, দকলেই উপস্থিত; ভারি গোলযোগ। কেছ বলে, "বাবা-গো কোথায় যাওগো"। কেছ বলে '' কর্ত্তাগো কোথায় যাওগো, '' কেছ বলে, " আমাদের কি হবেগো "। আবার কেছ হাত, কেই ত্রীবা, কেই কটিদেশ ধরিয়া টানাটানি। বোধ হইল, যেন আমাকে অন্তর্জনি করাইবার উদ্যোগ। আমি মহাকষ্টে উহাদিগের হাত হইতে নিক্ষৃতি পাইয়া দৌড়িতে লাগিলাম। পশ্চাৎ দ্টি করিয়া বোধ হইল, যেন ভহারাও

পশ্চাৎ পশ্চাৎ জাসিতেছে ; জামি চক্ষু বুজিয়া এদিকপানে চম্পট।

জীব। এখন ইচ্ছা কি?

ষন। র্দ্ধাবেশ্যাতপ্রিনী।

জীব। তবে বিষয়ারণ্য বিহীন হও।

মন। আত্তে আছা।

জীব। ধৈর্যাবলম্বন পূর্ব্বক কিঞ্চিৎ প্রাবণ কর।

মন। আছে বলুন।

জীব। উন্মনক্ষ হইওনা।

মন। তাজ্ঞেনা।

জীব। (জোধভরে ভর্সনা) রে ছুরাজ্মন্! রে পাষ্ঠা! এখনও সংজ্ঞা হীন, এখনও মোহগ্রস্ত রহিয়াছিদু।

মন। আছে না-না-না, আমি উন্মনক হই
নাই। আদিবার সময় গৃহিণী কাতরস্বরে রোদন করিতে করিতে কপালে
কক্ষণাঘাত করিয়াছিল, ঐ কথাটা হঠাৎ
স্মরণ হইল। এই আমি সুক্তির ভাবে
বিদলাম, আপেনি যাহা বলিতে হয়
বল্ন।

(মনকে অধোবদন দেখিয়া)
জীব অপ্রতিহত চিত্তে কহিতে
লাগিলেন।

ব। মন। আচার্য্যদিগের প্রমুখাৎ ও স্বপ্রযোগে নির্ভির মুখে যাহা যাহা শুনিয়াছ, সকলি সার ও সিদ্ধ বাক্য। শাস্ত্রের অন্ত নাই; মনুষ্যের সময় অত্যম্প, তাহাতে আবার বিষয়-জঞ্জাল ঘটিত নানাপ্রকার বিঘু আছে। মনুষ্যের সহস্র বর্ষ আয়ু হইলেও শাস্ত্রান্ত করিয়া এইটিজ্ঞান এইটি জ্বেয় ইহা স্থির করা অসাধ্য। পুত্র দারাদি সংসার যে যোগাভ্যাদের বিগুকারী, ইহাও স্বরূপ কথা; তংপ্রমাণ তুমিই বিদ্যমান রহি-য়াছ। আর যে ব্যক্তি "মমেতি" প্রবাচক এবং যাহার চিত্তের " উন্মনী-ভাব " ত্যাগ হয় নাই, সে কখনও অদ্বৈত-পরায়ণ হইতে পারে না। অপিচ স্বপ্রযোগে নির্ত্তি যাহা কহিয়াছেন সর্বাপেক্ষা তাহা আরো ফুব্দর। জিহ্বা

ও উপস্থ পরিত্যাগ করিলে পৃথিবীতে প্রয়োজন কি! অতএব সর্ব্যপ্রকারে ইন্দ্রিয় নিগ্রহ পূর্বক বিগতকাম হইয়া, যিনি সকল শাস্ত্রের তাৎপর্য্য-গোচর, প্রতিনিয়ত ভাঁহারই উপাসনা করা কর্ত্তব্য: কিন্তু ইহা সহজ জ্ঞানের কাষ্য নহে। অন্তমু থ যোগী না হইলে তাহা কদাচ জ্ঞানগম্য হয় না। জ্ঞান কোন জড় পদার্থ নহে; কেবল চিন্তারই अश्रुर्व कल। (महे विश्वा हेक्सिय वशी-ভূত না হইলে কদাচ উদিত ও অটল-রূপে স্থিত হইতে পারে না। ইন্দ্রি সংযমন হইলে জগজ্জাত কোন বস্তু-তেই মোহ থাকেনা।

মন। আপানি যে বড় আশ্চর্য্য কথা কহিলেন। অন্তমুখি যোগী কাহাকে বলে!

জীব। (সহাস্যে) যিনি বাছবিষয় ও সম্ভর্তিষয় ঐক্যরূপ জানেন, এবং জীবাত্মা ও পরমাত্মার অভেদ স্থীকার করেন, তিনিই সম্ভর্মু থ যোগী। মন। তাঁহার বিশেষ লক্ষণ কি ?

জীব। ইন্দ্রি-বশীকরণই তাঁহার বিশেষ
লক্ষণ। অর্থাৎ ১—যম, ২—নিয়ম,

৩—আসন, ৪—প্রাণায়াম, ৫—প্রত্যাহার, ৬—ধ্যান, ৭—ধ্যরণা, ৮—ধৃতি,

বির্ভৌ।—

১। অহিংসা সভাবচনং ব্রহ্মচর্যা মকপ্রতা। অক্টেয় মিভি প্রক্রিক যুনাইশ্চর ব্রভানিত॥

এই অষ্টাঙ্গ যোগ।

- ২। শৌচৎ সম্ভোষঃ তপঃ স্বাধ্যায় ঈশ্বপ্রশিধানক।
- ত। অন্টাজ যোগসা তৃতীয়াজনাসনং, কর-চরণাদি
 সংস্থান বিশেষঃ। তবু পঞ্পাকরেং, যথা—
 পলাসনং স্বস্তিকাথাং তক্তং বজুপেনং তথা।
 বীরাসন্দিতি প্রোক্তং ক্নাদাসন্প্রকং ॥
- হোগাল বিশেষঃ। যথা
 কনিষ্ঠানামিকালুট্ঠ গলাসাপুটপারণং।
 প্রাণায়ামঃ স বিজেয় স্তর্জনী নধ্যনে বিনা ॥

মূলমন্ত্রসা বীজসা প্রণবদা ব। বোড়শবার জ্পেন বামনাসাপুটে বায়ুং পূর্য়েং। ভসা চতুঃষ্ঠিবার জ্পেন বায়ুং কুষ্কুয়েং। তসা দাত্তিংশদার জ্পেন দক্ষিণ নাসাপুটে বায়ুং রেচয়েং ইতি।

- ৫। সম বিষয়েভা ই ক্রিয়াকর্ষণং। সচ যোগাল বিশেষঃ
- ভুপাচ। প্রত্যাহার*চ ভর্ক*চ প্রাণায়াম স্থৃতীয়কঃ।
 সমাধির্গারণং ধ্যানং বড়কো যোগ সংগ্রহঃ॥
- অপিচ। শকাদিস্মূরক্তানি নিগৃহাকাণি যোগবিং। কুর্ণাটিতভাস্তকারীণি প্রত্যাহারপরায়ণঃ॥
- অনাক। ই ক্রিয়াণী ক্রিয়ার্থে ভাঃ সমাক্তা স্থিতোহি সঃ। মন্সাসহ বুকাচ প্রতাহারের সংস্তিতঃ॥
- ৬। অবিতীয়বস্তুনি বিভিন্ন বিভিন্নান্তরেক্রিয়রতি-প্রবাহঃ। অপিচ। বিজাতীয়প্রতায়ান্তরিতঃ সজাতীয়প্রতায়প্রবাহে। ধ্যান্মিতার্থঃ॥
- বাগাঙ্গ বিশেষঃ। সমু অভিভীয়বস্তুন্তরে ক্রিয় ধারণং।
- ৮। তুনিঃ সুধং। ধৃতিবোগজাতকলং যথা।
 ধৃতিযোগসমুংপলঃ প্রাক্তঃ সংক্রমানসঃ।
 বাবদুকঃ সভায়াঞ্জ সুশীলো বিনয়ালিতঃ॥

বির্তি অবসায়।

- া অহিংসা, সভাবচন, ব্যহ্মচ্য্য, অসংশয়, অত্যেষ, এই পঞ্কে যম ও ব্ৰত বলাযায়।
- ২। শৌচ, সজোষ, তপ্র্যা, বেদাধ্যয়ন, ঈশ্রুচিন্তা, এই সমস্কানিয়ম।
- ৩। অই। স্বোগের তৃতীয় অঙ্গ আসন অর্থাৎ---

হস্তুপদাদির সংস্থানবিশেষ। ভাহা পঞ্চ প্রকার। যথা—পল্যাসন, স্বস্তিকাসন, ভদ্রাসন, বৃদ্রুসন, বীরাসন এই পঞ্চিধ আসন।

৪। যোগান্ধ বিশেষ। যথা—
তর্জনী ও মধ্যমা বাতিরেকে, কনিষ্ঠা জনামিকা ও
অঙ্গুষ্ঠবারা যে নাসাপুট ধারণ তাহাকে প্রাণায়ান
বলায়ায়। অর্থাৎ—-

মূলমন্ত্র, বীজমন্ত্র, অথবা প্রণব ষোড়শবার জপ পূর্মক বাদ নাসাপুট ছারা বায়ু পূরণ করিবে; ঐ মন্ত্র চৌষটিবার জপ পূর্মক বায়ু কুন্তুক করিবে; উহা বিভ্রমবার জপ পূর্মক দক্ষিণ নাসাপুট ছারা বায়ুরেচন করিবে, ইতি।

ে। নিজ নিজ বিষয় হইতে ইন্দ্রিগণকে আকর্ষণ করার নাম প্রত্যাহার। উহা একপ্রকার যোগাল, তথাচ-প্রত্যাহার, এবং তৃতীয় তর্ক, প্রাণায়াম, সমাধি, গারণা, ধ্যান, যোগের এই ছয় অঙ্গ।

অপিচ—প্রভাহোরপ্রায়ণ যোগবিৎ ব্যক্তি, শক্ষাদি বিষয়ে আসক্ত বাহোন্দ্রেগণকে নিগ্রহ করিয়া, চিত্তের অন্তমোদিত বিষয়ে সলিবেশিত করিবেক।

অনাজ—এত্যাহার বিষয়ে নিরত ব্যক্তি মন এবং বুদ্ধি দার। বাহেন্ডিয় সকলকে তত্তিধ্য হইতে নিরত করিয়া অব্ভিত আহেন।

- ৬। একমাত্র বস্তুতে মধ্যে মধ্যে মনোরতি প্রবাহকে
 ধ্যান বলে। অপিচ, অন্যবিধ জ্ঞানগর্ভ একবিধ জ্ঞান প্রবাহকে ধ্যান বলে।
- পারণা এক প্রকার যোগাল । উহা, একলাতে বস্ততে অস্তঃকরণের ধারণ।
- ৮। তুনি, সুধ, ধৃতি একই পদার্থ। ধৃতিজনিত কল যধা—ধৃতিযোগসম্পান ব্যক্তি প্রাক্তি, ক্রইনানস, সভাস্থানে বক্তা, সুশীল এবং বিনয়ায়িত হয়েন।

এই যোগদ্বারা ইন্দ্রিয় নিএই পূর্ব্বক আত্মাকে এক অরণীকাষ্ঠ ভাবনা করিয়া ও প্রণবদে দ্বিতীয় অরণীকাষ্ঠ ভাবিয়া পূনঃ পূনঃ ধ্যানরপ মন্থনদারা "তত্ত্বন্দি" চিন্তা করাই অন্তর্মুখ যোগীর লক্ষণ। ইত্যাকার মনন-শীল ব্যক্তিকদাচ বাহ্য সৌষ্ঠব দেখে না এবং জনপদেও চীৎকার করে না; প্রত্যুত নিজ্জন স্থানই ভাল বাসে। তাঁহার আহুত হইবারও পিপাসা থাকে না, যেহেতু তাঁহার পাণ্ডিত্যাহঙ্কার নাই।

তিনি অতার্কিক ছইয়া ঘটে পটে সর্ব্যভাই আত্ম দর্শন করেন।

মন। তবে শ্রাদ্ধশান্তি এবং যাগাদি ক্রিয়াতে প্রয়োজন কি ?

জীব। হাঁ প্রয়োজন আছে। জ্ঞান পদার্থ সকল স্থলেই প্রয়োগ করা যায়। কিন্তু তন্মধ্যে "সং" আর "অসং" প্রভেদ আছে। শাস্ত্রদর্শন এবং গুরুপ-দেশ ঘারা ইন্দ্রিয়নিগ্রহ এবং সংজ্ঞান লাভ হয়। সংজ্ঞান জন্মিলে পর বস্তুজ্ঞান থাকে না। স্কুতরাং সং-জ্ঞান-লাভের জন্য আদে শাস্ত্রদর্শন ও গুরুপদেশ আবশ্যক হইতেছে।

জ্ঞানস্য কারণং শাস্ত্রং জ্ঞানাং শাস্ত্রং বিনশ্যতি। ফলস্য কারণং পুষ্পং ফলাং পুষ্পং বিনশ্যতি॥ জ্ঞানের কারণ শাস্ত্র, জ্ঞান জ্ঞানিলে শাস্ত্রন্থই হয়। ফলের কারণ পুষ্প, ফল জ্ঞানিলে পুষ্পান্তই হয়॥

অপ্রঞ্চ

উল্কাহস্তোষধা কশ্চিৎ দ্রবামালোকা ভাং ভাজেং। জ্ঞানেন ক্ষেয়মালোকা পশ্চাদ্জ্ঞানং পরিভাজেং॥ ষেমন কোন ব্যক্তি আলোক হল্তে করিয়া অন্বেষিত দ্রবা দৃষ্ট হইলে উহা ত্যাগ করে, সেইরূপ জ্ঞান দারা জ্ঞেয় বস্তু দুর্শন করিয়া পরে জ্ঞানকে ত্যাগ করিবেক।

> সৎজ্ঞানের দ্বারা, দেহ দীপিত এবং বুদ্ধি অক্ষসমন্থিতা হইলে অক্ষজ্ঞানরূপ বিধূমাগ্রি হৃদয়ে প্রতি-ভাত হয়, সেই অক্ষজ্ঞানাগ্রি নিধিল কর্মবন্ধনকে ভন্মীভূত করে।

জানেন দীপিতে দেহে বুদ্ধির ক্ষসমন্বিতা। ব্ৰহ্মজানাগ্নিনা বিভানিদ্হিৎ কর্মবন্ধনং ॥

জ্ঞান ছার। দেহ দীপিত হইলে বুকি এক্ষনিতাহয়। জ্ঞানবান বাতি এক্ষ জ্ঞান রূপ অসমি ছারাকর্ম বন্ধন দক্ষ করেন।

> ষেমন, তান্ধ উদিত সুষ্টাকে দেখেনা, তাদ্ধং শাস্ত্ৰদৰ্শন ৰাৱা জ্ঞাননেত্ৰ প্ৰকা-শিত না হইলে অক্ষজানামি হাদয়ে প্ৰতিভাত হয় না।

> শাস্ত্র দর্শন করিতে গেলে প্রথ-মতঃ ক্রিয়ামার্গ অবলম্বন করিতে

হয়। ক্রিয়াখোগ ইন্দ্রিয় নিএহের একটি সোপান ও বুদ্ধি মাজ্জিত হইবার প্রধান উপায়। জলোকা যেমন তৃণান্তর অবলম্বন ব্যতীত গমন-শক্ত হয় না, সরিৎ পারাথার যেমন তরণী আবশ্যক হয়, সংজ্ঞান লাভের জন্য শাস্ত্র ও ক্রিরাও তদ্রপ।

নাবাৰ্থীহি ভবেতাৰং ধাৰং পারং ন গছতে।
উত্তীৰ্বেতু সরিৎপারে নাবা বা কিং প্রয়োজনং॥
বে প্র্যান্ত পারে প্রমন না করা বায় সেই প্রয়ান্তই
নৌকার প্রয়োজন হয়, নদী পারে উত্তীর্গ হইলে
নৌকায় কি প্রয়োজন ?।

ত্যপর্গ

বধামৃতেন তৃপ্তসা প্রসা কিং প্রয়োজনং।
এবং তৎ পরমং জ্ঞাত্বা বেদে নাজি প্রয়োজনং॥
অমৃত ছারা তৃপ্ত বে ব্যক্তি ভাষার ছক্ষে কি প্রয়োজন!
এইরপ সেই পর ব্রহ্মকে জানিতে পারিলে বেদে
প্রয়োজন নাই।

কিন্তু শাস্ত্র নানাপ্রকার; কতকগুলি

দকাম, কতকশুলি নিক্ষাম, আর কতকশুলি উপদেশগর্ত। দেখ, জড়ত্বহেতু পাঞ্চতোতিক দেহ অতি মলিন;
কিন্তু দেহী—অর্বাৎ আত্মা অহংকারোপাধিক সংসার-রহিতত্ব হেতু
অত্যন্ত নির্মাল। দেহ এবং দেহী এতহুভারের অন্তরন্ধ ব্যক্তির প্রতি শোচাশোচ বিধি নাই।

অভান্ত মলিনো দেহে। দেহী হতান্ত নির্দালঃ। উত্তয়োরস্তরং মহা ক্ষা শৌচং বিধীয়তে॥

দেহ অন্তান্ত মলিন, কিন্তু আল্লা অভান্ত নির্মাল, উভয়ের প্র:ভদু জানিলে কাছার শৌচ না হয়।

যে মনুষ্যের, রজ্জুতে অহিত্ব এবং জাঞাদাদি অবস্থী ত্রিতয়ের ভেদ জান জাছে, তিনি মুখে যাহাই বলুন না কেন, তাঁহার হাদয়ে শোচাশোচ ভেদ জ্ঞান আছেই আছে। এবং যাবংকাল পরোকান্তভব না হয়, তাবংকাল অন্ত কর্মের আবেশ্যক হইবেই ইইবে।

অনন্তং কর্মা শৌচঞ্চ তপো যজ স্তথৈবচ।
তীর্যবাতাদি গননং বাবভত্তং ন বিন্দৃতি ॥
বিবিধ পুণা কর্মা, শৌচ, তপঃ, যজ, এবং ভীর্য বাতাদি,
যে প্রয়ন্ত তত্ত্তান না হয় সে প্রান্তই ঐ সকলের
প্রয়েজন।

হা,-প্রণেতা এবং সকলেরই লয়-ছার এক: এই কথা যথন সর্ববাদি-সন্মত তথম পরস্পার ভেদজ্ঞান বিপর্যায় দেখাযায় বটে। কিন্তু এই কথা বিষয়া-সক্ত এবং রিপুপরবশ ব্যক্তি কহিলে শোভা পায় না। যিনি ইন্দ্রিয় নিএছ পূর্ব্বক বিগতকাম হইয়াছেন, তিনি কহিলে বডই কমনীয় বোধ হয়। তিনি मर्काभी, मर्कविकशी रहेत्व डाँशिक রমণীয় দেখায়। সত্য বটে, তত্ত্বজা-নাধিকারী মন্বয়ের ক্রিয়ার আবশ্যক হয় না : কিন্তু রিপুপরবশ মনুষ্য ইন্দ্রিয় সংয্যন ভিন্ন জীবন-ধর্মের সংসাধনে প্রধাবিত হইলে হাস্যাম্পদ হয়। মন! তুমি স্বীয় যে অবস্থা বৰ্ণন

করিয়াছ, তদবস্থায়, যে কোন ধর্মাধি-করণমগুপে যাওনা কেন, কেবল (কল্র রুষভের ন্যায়) পরিভ্রমণই করিয়াছ। বিষয় কুসুম-মঞ্চরীতে তোমার জ্ঞান-নেত্ৰ অন্ধ হওয়াতে ধৰ্মমন্দিরের সো-পান শ্রেণী তোমার লক্ষ্য হয় নাই; একেবারে উল্লক্ষ্য দেওয়াতে স্থালিত-পদ হইয়াছ। তোমাকে সগর্মে কহিতেছি, তুমি যথন ইন্দ্রিয় নিগ্রহ পূর্বাক বিষয়শৃত্বল কর্ত্তন করিবে, তথন তোমার কান্তি ও অবস্থা অতীব তেজন্বিনী হইয়া উঠিবে: কোন অবস্থাতেই বিমর্থ থাকিবে না।

মন ৷ ভাল, ইন্দ্রিয়ক্ত সদস্থ কার্য্যের আধার কে ?

জীব। আমি।

হন। কি প্রকারে ?

জীব। ইন্দ্রিরকত কার্য্যের স্থুখ হু:খ ভোগ-জন্য আমি "কাকী" হইয়াছি। অর্থাৎ "ক" শব্দার্থ সুখ, ও "অক" শব্দার্থ হঃখ; যিনি এতহ্ন খালী তিনিই কাকী অর্থাৎ জীব: আর ক্যুক্ত "অ" কার বর্ণকে ত্রন্ধের চেতনাক্রতি মূলপ্রকৃতি জানিবে। উক্ত "অ" কার বর্ণ লোপ হইলে কেবল যে, "ক" কার বর্ণ মাত্র থাকে, তাহাই অধপ্র অদ্বিতীয় মহানন্ধস্বরূপ ত্রন্ধ।

কাকীমুথক-কারাস্তো ছকার শেচতনাকৃতিঃ। অকারস্যাচ লুপ্তস্য কোন্ধুর্য: প্রতিপদ্যতে॥

কাকী শব্দের প্রথম ককারের অমন্তর্বর্তী অকার চৈতনা বরুপ, অকার লুপ্ত হইলে কি অর্থ প্রতিপন হইতে পারে ?

- মন। কি উপায় ছারা সেই নিত্য স্থেথর বিঘুকৃৎ ইন্দ্রিয়াদি রিপুগণের নির্যাতন হইতে পারে ?
- জীব। তোমার ত্রমাপবাদ ঘটিয়াছে। যে হেতু তোমার দিতীয় পত্নী নির্জি অতীব সাধী, তদ্গর্ভজাত বিবেকনামক পুত্র কামাদি অপেক্ষা তেজস্বী, পুণ্য

ক্ষোদি নিজ্ঞান প্রদেশ তোমার অভেদ্য বৃাহ, এবং যম নিয়মাদি অফাঙ্গ যোগ তোমার অমোঘাস্ত। স্তরাং উহাদিগের আশ্রয় গ্রহণ করিলে অনায়াসেই কামাদি রিপুগণের নির্যাতন হইতে পারে।

(স্থাবি কর্ত্বক এই প্রকার উক্ত হইতেছে, ইত্যবসরে মনের পুনঃ মোহোদয় হইল। বাক্য নাই, একেবারে নিস্তব্ধ, দ্বিগুণ চিন্তায় অধোবদন।)

জীব। কি মহাশয়! আপিনার যে পুনরায় বাক্ রোধ হইল ?

সন। (দীর্ঘ নিখাস) শুরুন্ মহাশয় ! এখন
'শ্যাম রাখি কি কুল রাখি' এই কথাটী
বিবেচনা করিতেছি। 'কাশী যাই, কি
মক্কায় যাই,' এদিকে যে, ক্লফ শ্ন্য
গোকুল হইরা পড়িবে।

(ইত্যবসরে "হাঃ নাপ! হাঃ স্বামিন্! হাঃ পিডঃ!" ইত্যাকার আর্দ্তনাদ মনের কর্ণ-বিবরে প্রবিষ্ট হওয়াতে তিনি অমনি শশব্যস্তে- দণ্ডায়মান হইয়া ইতন্ততঃ দৃষ্টি পূৰ্ব্বক জীবকে কহিতে লাগিলেন।)

মন। মহাশয়। ঐ শ্রবণ করুন, আমার বিরহ

সন্তাপে ব্যথিত দারা পুত্রগণ এই

হিংশ্রক জন্তুগণ সেবিত বাের বিপিনে

আর্ত্রনাদ করিতেছে। আমি আসিবার

সময় উহাদিগের অশনীয় সাম্মী

কিছুই গৃহে ছিল না। আপনি কিঞ্চিৎ

বিশ্রাম করুন, আমি উহাদিগের অভাব

দূরীকরণ পূর্বক সান্ত্রনা বাক্য দ্বারা
পুনরায় গৃহে রাথিয়া আসিতেছি।

(ইহা বলিয়া ক্রতবেগে ননের প্রস্থান।)

জীবের থেদ।—"অহো! এই পাঞ্চভোতিক জড়পদার্থে প্রতিবিশ্বতাত্মা আমি, অনাদি-প্রেরিত স্থবে এথিত হইরা শব্দারমান হইলাম। অহো! ইন্দ্রিয়াদিরত কলুষ ভোগজন্য আমাকে লিক্ষ্ণরীর পরিগ্রহ করিতে হইল।"

অতঃপর জীবের অন্তর্গান।

(সম্প্রায়ং এতঃ)

